# বরিশাল বোর্ড-২০১৫

**বাংলা প্রথম পত্র**

বিষয় কোড: ১ ০ ১

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক বিভাগ — গদ্য

**১.▶** নদীর কোল ঘেঁষা বটতলায় হাজার হাজার মানুষ জমেছে। ছোট ছোট ছেলেমেয়েরা যেমন এটা-ওটা খেলনা কিনছে, তেমনি তাদের বাবারাও কাঠের আসবাব, মসলা-পাতি কিংবা তৈজসপত্র কিনছেন। আর একটু দূরে শোনা যাচ্ছে নাগরদোলার ক্যাচর-ক্যাচার শব্দ। এদিনটির জন্য আশপাশের গাঁয়ের মানুষেরা প্রায় বছরজুড়ে অপেক্ষায় থাকে।

ক. বাংলা সন চালু করেন কোন শাসক? ১

খ. আমানিকে আঞ্চলিক মাঙ্গলিক অনুষ্ঠান বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে 'বাংলা নববর্ষ' রচনায় উল্লিখিত কোন সর্বজনীন উৎসবের পরিচয় রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত উৎসব ব্যতীত বাঙালির আরও উৎসবের পরিচয় পঠিত রচনায় রয়েছে— বক্তব্যের তাৎপর্য বিচার করো। ৪

**২.▶** বৈশাখ মাসের খাঁ খাঁ দুপুরে গ্রামের বড় তেঁতুল গাছের নিচে পাতা কুড়াতে যায় আসমানী। প্রচণ্ড রোদের তাপে হঠাৎ সে অজ্ঞান হয়ে পড়ে। ঐ পথে বাড়ি ফেরা হাটুরে আমজাদ মিয়ার মাধ্যমে পুরো গ্রামে এ ঘটনা ছড়িয়ে পড়ে। গ্রামবাসীর সাথে সাথে আসমানীর বাবাও ভাবে তেঁতুল গাছের নিচে যাওয়ায় ভূতে আসমানীর এই অবস্থা করেছে। তাই মেয়ের সুস্থতার জন্য কবিরাজ ডেকে আনেন আসমানীর বাবা।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্ম কত সালে? ১

খ. মামার তৈলচিত্রে প্রণাম করার কথা নগেনের মনে হলো কেন? ২

গ. উদ্দীপকের আসমানী ও 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেনের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'তৈলচিত্রের ভূত' গল্পের মূল বিষয় উপস্থাপনে উদ্দীপকটি সহায়ক হয়েছে কি? তোমার যৌক্তিক মতামত দাও। ৪

**৩.▶** পৈতৃকসূত্রে পাওয়া দশ বিঘা জমি চাষ না করে সাত বছরের মধ্যে বিক্রি করে খেয়ে শরিফ পথের ভিখারী। অথচ তারই বাল্যবন্ধু রবিউল কেবল গতর খেটেই আজ আধা-পাকা একটা বাড়ি আর কুড়িটি অটোরিকশার মালিক।

ক. 'বাঙালির বাংলা' প্রবন্ধটি কার লেখা? ১

খ. বাংলাকে সর্বঐশী শক্তির পীঠস্থান বলা হয়েছে কেন? ২

গ. 'উদ্দীপকের শরিফের মাঝে বাঙালির যে স্বভাবের পরিচয় মেলে তা 'বাঙালির বাংলা' রচনার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের রবিউলের মতো মানুষেরা 'বাঙালির বাংলা' রচয়িতার প্রত্যাশিত বাঙালি।— মন্তব্যটির বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

## খ বিভাগ — কবিতা

৪.▶ রাকা স্কুল থেকে ফিরে দেখে আসবাব বানানোর জন্য জামগাছটা কেটে ফেলা হয়েছে। রাকা অভিমান করে বলল, জামগাছটায় সকালে দুটি সুন্দর হলদে পাখি এসে বসে, আমি নির্মল বাতাসে দোলনায় দোল খাই— সেটা তুমি কেটে ফেললে বাবা! রাকার অভিমান উপলব্ধি করে বাবা বাড়ির আঙিনায় বেশ কটি গাছ লাগানোর সিদ্ধান্ত নেন।

ক. কবি সুফিয়া কামালের পৈতৃক নিবাস কোথায়? ১

খ. মাটি অরণ্যের পানে চায় কেন? ২

গ. উদ্দীপকের রাকার মাঝে 'জাগো তবে অরণ্য কন্যারা' কবিতার কবির যে চেতনা প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের রাকার বাবার উপলব্ধি যেন কবি সুফিয়া কামালের উপলব্ধিকেই অনুসরণ— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৫.▶ এ কি অপরূপ সুষমায় আমার মন ভরেছো তুমি
আমার সোনার দেশ, প্রিয় জন্মভূমি।
রূপের রানি বাংলা মা তোর পল্লী সুখের ছায়
তোরে নিয়ে শান্তি পাইগো ঘাসের গালিচায়।
শাপলা, শালুক, পদ্ম কুড়াই দীঘির জলে নামি
আমার সোনার দেশ, প্রিয় জন্মভূমি।

ক. 'ধবল' শব্দের অর্থ কী? ১

খ. 'কার্তিকের নবান্নের দেশ' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতার যে ভাবগত সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ভাবগত সাদৃশ্য থাকলেও 'আবার আসিব ফিরে' কবিতার কবির প্রত্যাশা আরও ব্যাপক— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬.▶ i. বহুদিন পরে মনে পড়ে আজি পল্লী মায়ের কোল
ঝাউশাখে সেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল।
ii. পলাশ ডাকা কোকিল ডাকা আমার এ দেশ ভাইরে
ধানের মাঠে ঢেউ খেলানো এমন কোথায়ও নাইরে।

ক. উপেন কত বছর পরে দেশে ফেরার ইচ্ছা পোষণ করে? ১

খ. 'তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।' উপেনের এ কথা বলার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ১ম অংশে 'দুই বিঘা জমি' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? বুঝিয়ে লেখো। ৩

ঘ. উদ্দীপকের অংশ দুটি কি দুই বিঘা জমি'— কবিতার সমগ্রতাকে ধারণ করে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

## গ বিভাগ — আনন্দ পাঠ

৭. ▶ চোরের ভয়ে নিজের যৎসামান্য অলঙ্কার শহরে বড় ভাইয়ের স্ত্রীর কাছে রেখে আসে আমেনা বেগম। প্রতিবেশীর বিয়েতে যাওয়া উপলক্ষে অলঙ্কারগুলো চাইতে গেলে বড় ভাবী অনুরূপ ডিজাইনের ইমিটেশনের নকল গহনা আমেনার হাতে তুলে দেয়।

ক. খলিফা হারুন-অর-রশিদ কোথাকার শাসক ছিলেন? ১
খ. আলীর রেখে যাওয়া কলস থেকে নাজিমের স্ত্রী জলপাই খেতে চায়নি কেন? ২
গ. উদ্দীপকের বড়ভাবী 'কিশোর কাজি' গল্পের কোন দিকটিকে তুলে ধরেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আমেনা বেগম কি 'কিশোর কাজি' গল্পের আলী কোজাইয়ের প্রতিনিধিত্ব করে? যুক্তিপূর্ণ জবাব দাও। ৪

৮. ▶ ছোটবেলা থেকেই মুশফিকের মধ্যে একটু ভিন্নতা চোখে পড়ে। অন্য শিশুদের মতো সে এক জায়গায় স্থির হয়ে থাকতে পারে না। সারাদিন ছুটে বেড়ায় এদিক-ওদিক। নানাভাবে গায়ের শক্তি পরীক্ষা করে। একাই সে কয়েকজনের খাবার খায়। অল্প বয়সেই তাদের বাড়ির বড় ষাঁড়টিকে পোষ মানিয়ে ফেলে।

ক. সোহরাবের মায়ের নাম কী? ১
খ. শাম তার শিশুপুত্রকে আলবুরুজ পর্বতে ফেলে আসেন কেন? ২
গ. উদ্দীপকের মুশফিকের মাঝে 'সোহরাব রোস্তম' গল্পের রোস্তমের যেদিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত দিকটি রোস্তম চরিত্রের পূর্ণাঙ্গ পরিচয় নয়— 'সোহরাব রোস্তম' গল্পের আলোকে বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯. ▶ আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
এক সাথে খেলি আর পাঠশালে যাই।

ক. অ্যান্টিনিও কোন দেশের সওদাগর ছিলেন? ১
খ. বাসানিওকে ভাগ্যবান বলা হয়েছে কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের কবি চেতনার সাথে 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের শাইলকের বৈসাদৃশ্য কোথায়? বুঝিয়ে লেখো। ৩
ঘ. বৈসাদৃশ্য না থাকলে অ্যান্টনিও শাইলকের প্রতিহিংসার শিকার হতো না— মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

Teachingbd.com

# বরিশাল বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১. কোনটি শরৎচন্দ্রের উপন্যাস?
ক) যোগাযোগ খ) শেষ প্রশ্ন
গ) আরণ্যক ঘ) মাঝির ছেলে

২. জড়তা মানবকে কেন মৃত্যুর পথে নিয়ে যায়?
ক) ভবিষ্যৎ না ভাবায় খ) কর্মহীনতার জন্য
গ) কুশিক্ষা পাওয়ায় ঘ) অবিদ্যার কারণে

৩. বাংলার মানুষের রক্তের ইতিহাস কত বছরের?
ক) ২২ খ) ২৩
গ) ২৪ ঘ) ২৫

৪. লোকশিল্প আজ লুপ্তপ্রায় কেন?
ক) ক্রেতার অভাবে খ) সংরক্ষণের অভাবে
গ) কারিগরের স্বল্পতায় ঘ) কাঁচামালের স্বল্পতায়

৫. পরাশর ডাক্তার রাত কয়টায় নগেনদের বাড়ি আসেন?
ক) ১০টায় খ) ১১টায়
গ) ১২টায় ঘ) ১টায়

৬. 'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি'— চরণের কবি ভাবনার পরিচয় রয়েছে কোন কবিতায়?
ক) নারী খ) মানবধর্ম
গ) বঙ্গভূমির প্রতি ঘ) প্রার্থী

৭. তাঁতশিল্প শীতলক্ষ্যা নদীর তীরে গড়ে ওঠার কারণ—
i. ভৌগোলিক অবস্থান
ii. অনুকূল আবহাওয়া
iii. পরিবহন সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. 'দিন আনি দিন খাই, কারো দুয়ারে না যাই।' —চরণের বক্তব্য 'সুখী মানুষ' নাটিকার কোন চরিত্রে মেলে?
ক) রহমত খ) মোড়ল
গ) হাসু ঘ) লোক

৯. শক্ত পাথর কেটে কোনো গড়ন বানানোকে কী বলে?
ক) স্থাপত্য খ) শিল্পকলা
গ) চিত্রকলা ঘ) ভাস্কর্য

১০. 'মংডুর পথে' রচনা পাঠে শিক্ষার্থীরা কীসে অনুপ্রাণিত হবে?
ক) জাতীয়তাবোধে খ) স্বদেশ চেতনায়
গ) ভ্রমণাকাঙ্ক্ষায় ঘ) ধর্মীয় সম্প্রীতিতে

১১. নেকমরদের মেলা কোন জেলায় অনুষ্ঠিত হয়?
ক) চট্টগ্রাম খ) কক্সবাজার
গ) রংপুর ঘ) ঠাকুরগাঁ

১২. 'আজ এখানে দুটি ডাল-ভাত খেও'— কাপালীকে বলা এ কথায় রয়েছে—
ক) সৌজন্য খ) সাম্যবাদিতা
গ) ন্যায়বোধ ঘ) স্বজাত্যবোধ

১৩. আব্দুল গাফ্‌ফার চৌধুরী কোথায় জন্মগ্রহণ করেন?
ক) যশোর খ) কুড়িগ্রাম
গ) বরিশাল ঘ) কুমিল্লা

১৪. ধানসিড়ি নদীটি কোন জেলায় প্রবাহিত হতো?
ক) খুলনা খ) বরিশাল
গ) ঝালকাঠি ঘ) ফরিদপুর

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
আমিরুল মিয়া ও অরিত্র মজুমদার একে অন্যের প্রতিবেশী। কিন্তু দুজনই ভিন্ন ভিন্ন পথে চলাফেরা করেন। দুজনের দেখা হলেও কাছাকাছি এসে কথা বলেন না। তাঁদের বিশ্বাস এতে অমঙ্গল হবে।

১৫. উদ্দীপকের আমিরুল মিয়া ও অরিত্র মজুমদারের আচরণ এবং চিন্তা ধারার বিপরীত অবস্থান কোন কবিতায় মেলে?
ক) পাছে লোকে কিছু বলে খ) মানবধর্ম
গ) দুই বিঘা জমি ঘ) নারী

১৬. উক্ত কবিতায় রয়েছে—
i. ধর্মীয় সম্প্রীতির আহ্বান
ii. জাতিভেদ না করার শিক্ষা
iii. মানবতা জাগরণের প্রত্যাশা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. রাজা দশরথের মোট ছেলে কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

১৮. রবিনসন কত বছর পর দেশে ফেরে?
ক) ২৮ খ) ৩১
গ) ৩৫ ঘ) ৩৭

১৯. 'আঁখি করি লাল'— 'লাল আঁখি' কীসের প্রতীক?
ক) ঘৃণার খ) শোকের
গ) রাগের ঘ) দুঃখের

২০. মনের দৃঢ় ইচ্ছাগুলো কোন কারণে পূরণ হয় না?
ক) দ্বিধা খ) চিন্তা
গ) ভীরুতা ঘ) হতাশা

২১. 'সুখী মানুষ' নাটিকায় মোট কয়টি দৃশ্য রয়েছে?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

২২. কাজী নজরুল ইসলাম কত বছর বয়সে কঠিন রোগে আক্রান্ত হন?
ক) ৪১ খ) ৪৩
গ) ৪৫ ঘ) ৪৭

http://teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:

সুজন মাঝি আকাশে ঘন কালো মেঘ দেখেও অনেক মাছ পাওয়ার আশায় গভীর সমুদ্রে যায়। কিন্তু মাছ নিয়ে তার আর তীরে ফেরা হয় না।

২৩. উদ্দীপকের সুজন মাঝি 'সাড়ে তিন হাত জমি' রচনার কোন চরিত্রের প্রতিরূপ?
ⓚ পাখোম ⓚ স্টার্শিনা
ⓖ ওভারশিয়ার ⓖ মহাজন

২৪. উক্ত চরিত্রের প্রকাশ পেয়েছে—
i. লোভ
ii. স্বার্থচিন্তা
iii. দায়বদ্ধতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. 'একাত্তরের ডাইরি' কী জাতীয় গ্রন্থ?
ক) স্মৃতিকথামূলক খ) কাব্য
গ) গল্প ঘ) উপন্যাস

২৬. 'শৌর্য' অর্থ কী?
ক) সাহস খ) বীরত্ব
গ) ইচ্ছা ঘ) শক্তি

২৭. 'বামপন্থি বিপ্লবী' কবি বলা হয় কাকে?
ক) কামিনী রায় খ) সুকান্ত ভট্টাচার্য
গ) বুদ্ধদেব বসু ঘ) সুফিয়া কামাল

২৮. 'আমার শহিদ ভাইয়ের আত্মা ডাকে।' এর মাধ্যমে বোঝানো হয়েছে শহিদের—
ক) ত্যাগ বাঙালিকে প্রেরণা দিচ্ছে
খ) আত্মার জাগরণ ঘটেছে
গ) পরিচয় ছড়িয়ে পড়েছে ঘ) আত্মা মুক্তি পেয়েছে

২৯. প্রাকৃত ভাষাগুলোর শেষ স্তরের নাম কী?
ক) সংস্কৃত খ) বৈদিক সংস্কৃত
গ) অপভ্রংশ ঘ) বাংলা

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:

'ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি
আমার দেশের মাটি।'

৩০. উদ্দীপকের ভাব নিচের কোন রচনায় প্রকাশ পেয়েছে?
ক) বাঙালির বাংলা খ) দেশ
গ) জাগো তবে অরণ্য কন্যারা ঘ) প্রার্থী

৩১. উল্লিখিত ভাব হলো—
i. স্বদেশপ্রেম
ii. প্রকৃতিপ্রেম
iii. স্বাজাত্যবোধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. কানাই যে কথাটি বলে বোনের প্রতি দরদ প্রকাশ করেছে তা হলো—
ক) মাঝি, তুমি দেখো ছোকানুরে, ভাই
খ) ছোকানুরে তুই আকাশের রানি
গ) ছোকানুর কাছে দুটি আনি আছে
ঘ) ছোকানু আমার বোন

৩৩. টম কী রকম ছেলে?
ক) ভ্রমণ পিপাসু খ) বিদ্যানুরাগী
গ) কল্পনা বিলাসী ঘ) অহংকারী

৩৪. 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের মূল প্রতিপাদ্য বিষয় কোনটি?
ক) ব্যবসায়িক প্রতিযোগিতা
খ) সাম্প্রদায়িকতার দ্বন্দ্ব
গ) প্রেমের পরিণতি ঘ) মানবিকতার জয়

৩৫. বালকদলের গুপ্ত মিটিং বসে বাদলদের—
ক) চণ্ডীমণ্ডপে খ) নাটমন্দিরের কোণে
গ) পাশের জামতলায় ঘ) বিচুলি গাদার পাশে

৩৬. এক ঘুমে রিপের কত বছর কাটল?
ক) ১৬ খ) ১৮
গ) ২০ ঘ) ২২

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:

জুবায়ের ও মনির দুই বন্ধু। মনির বিপদে পড়ায় জুবায়ের তাকে কিছু টাকা ধার দেয়। পরে প্রয়োজন পড়ায় জুবায়ের তার টাকাগুলো ফেরত চাইলে মনির টাকা নেওয়ার ব্যাপারটি অস্বীকার করে।

৩৭. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পঠিত কোন রচনার বিষয়বস্তুর মিল রয়েছে?
ক) মার্চেন্ট অব ভেনিস
খ) কিশোর কাজী
গ) রাজকুমার ও ভিখারীর ছেলে
ঘ) সাড়ে তিন হাত জমি

৩৮. উল্লিখিত রচনায় প্রকাশ পেয়েছে—
ক) প্রতিহিংসা ভালো নয়
খ) বুদ্ধিমত্তার মূল্য আছে
গ) লোভের পরিণতি হয় ভয়ানক
ঘ) অতিরিক্ত কৌতূহল বিপদ ডেকে আনে

৩৯. 'মোক্ষম' শব্দের অর্থ কী?
ক) বৃহৎ খ) প্রবল
গ) আসল ঘ) পূর্ণ

৪০. 'কৃষ্ণকুমারী' মাইকেল মধুসূদন দত্ত রচিত কী জাতীয় গ্রন্থ?
ক) উপন্যাস খ) নাটক
গ) কাব্য ঘ) গল্প

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ঘ | ২ খ | ৩ খ | ৪ খ | ৫ গ | ৬ ঘ | ৭ ঘ | ৮ ঘ | ৯ ঘ | ১০ গ | ১১ ঘ | ১২ ক | ১৩ গ | ১৪ গ | ১৫ খ | ১৬ ঘ | ১৭ গ | ১৮ খ | ১৯ গ | ২০ ক |
| ২১ ক | ২২ খ | ২৩ ক | ২৪ ক | ২৫ ক | ২৬ খ | ২৭ খ | ২৮ ক | ২৯ গ | ৩০ ক | ৩১ ক | ৩২ ক | ৩৩ গ | ৩৪ ঘ | ৩৫ খ | ৩৬ গ | ৩৭ খ | ৩৮ খ | ৩৯ খ | ৪০ খ |

http://teachingbd.com